

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৮৮৩

৯/ বিবাহ (১১১। (১১১)

পরিচ্ছেদঃ ৯/১৬. শিগার বিবাহ নিষিদ্ধ।

بَابِ النَّهْيِ عَنْ الشِّفَارِ

আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ نَهَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنْ الشِّغَارِ وَالشِّغَارُ أَنْ يَقُولَ الرَّجُلُ لِلرَّجُلِ زَوِّجْنِي ابْنَتَكَ أَقْ أُخْتَكَ عَلَى أَنْ أُزُوِّجَكَ ابْنَتِي أَقْ أُخْتِي وَلَيْسَ بَيْنَهُمَا صَدَاقٌ

বাংলা

১/১৮৮৩। ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শিগার বিবাহ নিষিদ্ধ করেছেন। রাবী বলেন, শিগার বিবাহ এই যে, এক ব্যক্তি অপর ব্যক্তিকে প্রস্তাব দিলো, তুমি আমার সাথে তোমার মেয়েকে অথবা বোনকে বিবাহ দাও এবং তার পরিবর্তে আমি আমার মেয়েকে অথবা বোনকে তোমার সাথে বিবাহ দিবো, আর এতে কোন মাহর থাকে না।

English

It was narrated that:

Ibn Umar said: "The Messenger of Allah forbade Shighar. Shighar is when a man says to another man: 'Marry your daughter or sister to me, on condition that I will marry my daughter or sister to you,' and they do not give any dower (i.e. neither of them give other the dower)."

ফুটনোট

সহীহুল বুখারী ৫১১২, ৬৯২০, মুসলিম ১৪১৫, তিরমিয়ী ১১২৪, নাসায়ী ৩৩৩৪, ৩৩৩৭, ৩৩৩৮, আবূ দাউদ ২০৭৪, আহমাদ ৪৫১২, ৪৬৭৮, ৫২৬৭, মুয়াত্তা মালেক ১১৩৪, দারেমী ২১৮০, ইরওয়াহ ১৮৯৫

তাহকীক আলবানীঃ সহীহ।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন